

## মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম

মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম  
মোরা ঝর্নার মতো চঞ্চল  
মোরা বিধাতার মতো নির্ভয়  
মোরা প্রকৃতির মতো স্বচ্ছল ॥

মোরা আকাশের মতো বাধাহীন  
মোরা মরু-সঞ্চর বেদুঈন  
আকাশের মতো বাধাহীন  
মোরা মরু-সঞ্চর বেদুঈন  
বন্ধনহীন জন্ম স্বাধীন  
চিত্ত মুক্ত শতদল  
মোরা বন্ধনহীন জন্ম স্বাধীন  
চিত্ত মুক্ত শতদল ॥

মোরা সিন্ধু-জোয়ার কল-কল  
মোরা পাগলা-ঝোরার ঝরা জল  
মোরা সিন্ধু-জোয়ার কল-কল  
মোরা পাগলা-ঝোরার ঝরা জল  
কল-কল-কল্ ছল-ছল-ছল্  
কল-কল-কল্ ছল-ছল-ছল্ ।

মোরা দিল-খোলা খোলা প্রান্তর  
মোরা শক্তি অটল মহীধর  
দিল-খোলা খোলা প্রান্তর  
মোরা শক্তি অটল মহীধর  
হাসি গান সম উচ্ছল x২  
মোরা বৃষ্টির জল বনফল খাই,  
শয্যা শ্যামল বন-তল  
মোরা বৃষ্টির জল বনফল খাই,  
শয্যা শ্যামল বন-তল ॥

